ঝিনাইদহে জুলাই শহিদ দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়া

জুলাই গণ-অভ্যুত্থানের শহিদদের স্মরণে ঝিনাইদহে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় শহিদ পরিবারের সদস্য, জুলাই গণ-অভ্যুত্থানে নেতৃত্বদানকারী প্রতিনিধি, রাজনৈতিক ও সেচ্ছাসেবী সংগঠনের প্রতিনিধিরা উপস্থিত ছিলেন।

বুধবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। এসময় জেলা পুলিশ সুপার মনজুর মোর্শেদ, শহিদ রাকিবের বাবা লুৎফর রহমান, মা হাফেজা খাতুন, শহিদ সাব্বিরের বাবা আমোদ আলী, ছাত্র প্রতিনিধি সাইদুর রহমান, আবু হুরায়রাসহ বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরা অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

উপস্থিত ছিলেন স্থানীয় সরকার বিভাগের উপপরিচালক রথীন্দ্র নাথ রায়, অতিরিক্ত জেলা প্রশাসক সাইফুর রহমান, অতিরিক্ত পুলিশ সুপার মুন্না বিশ্বাস, জেলা সিভির সার্জন ডা. মো. কামরুজ্জামান, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক ষষ্টী চন্দ্র রায়, জেলা জামায়াতে ইসলামীর সেক্রেটারী আব্দুল আওয়াল, গণঅধিকার পরিষদের সভাপতি সাখাওয়াত হোসেন, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি আসিফ কাজল, জাতীয়তাবাদী মহিলা দলের সাধারণ সম্পাদক তহুরা খাতুন প্রমুখ।

বক্তারা বলেন, বৈষম্যহীন সমাজ, রাষ্ট্র বিনির্মাণের স্বপ্ন নিয়ে জুলাই শহীদরা জীবন দিয়ে ফ্যাসিবাদের পতন ঘটিয়েছে। দেশের গণতন্ত্র, সাম্য, মানবিক মর্যাদা ও ন্যায়বিচার প্রতিষ্ঠার আন্দোলন ছিল জুলাই গণ-অভ্যুত্থান। জুলাই যোদ্ধারা জাতির নতুন অনুপ্রেরণা। তাঁদের আদর্শ অনুসরণ করেই একটি মানবিক ও গণতান্ত্রিক বাংলাদেশ গড়া সম্ভব।

আলোচনা সভা শেষে জুলাই গণ-অভ্যুত্থানের শহিদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া অনুষ্ঠিত হয়।

ঝিনাইদহে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাঁচারবিরোধী আন্তর্জাতিক দিবস পালিত

ঝিনাইদহে মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস পালিত হয়েছে। জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের আয়োজনে বৃহস্পতিবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি র্যালী বের করা হয়।

র্যালিটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এ বি এম খালিদ হোসেন সিদ্দিকীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মনজুর মোর্শেদ, সিভিল সার্জন ডা: মো. কামরুজ্জামান।

অনুষ্ঠানের প্রবন্ধ উপস্থাপন করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার। অনুষ্ঠানে আলোচনা সভা শেষে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

মেহেরপুরে বিশ্ব পরিবেশ দিবস

পালিত

মেহেরপুরে নানা আয়োজনে পালিত হয়েছে বিশ্ব পরিবেশ দিবস। দিনটি উপলক্ষে বর্ণাঢ্য র্যালি,আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

জেলা প্রশাসন ও পরিবেশ অধিদপ্তরের যৌথ আয়োজনে বুধবার সকালে জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে এ আলোচনা সভা, রচনা প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদের সভাপতিত্বে অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন জেলা পরিবেশ অধিদপ্তরের সহকারী পরিচালক মোজাফ্ফর খান।

“প্লাস্টিক দূষণ আর নয়, বন্ধ করার এখনই সময়” প্রতিপাদ্যকে ঘিরে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারি কলেজের প্রভাষক এস. এম. আশরাফুল হাবীব, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, সামাজিক বন কর্মকর্তা এইচ.টি. হামিম হায়দার, ব্র্যাকের জেলা প্রতিনিধি মনিরুল হুদা, সুবাহ সামাজিক সংস্থার নির্বাহী পরিচালক মইন-উল-আলম এবং সমাজ ও পরিবেশ উন্নয়ন সংস্থার প্রতিনিধি শামিমা আখতার।

এর আগে অতিরিক্ত জেলা প্রশাসক তাজওয়ার আকরামের নেতৃত্বে একটি বর্ণাঢ্য র্যালি মেহেরপুর পাবলিক লাইব্রেরি মোড় থেকে শুরু হয়ে প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয় চত্বরে এসে শেষ হয়।

দামুড়হুদায় বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে দামুড়হুদায় র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০টার দিকে “প্লাস্টিক দূষণ আর নয়,

বন্ধ করার এখনই সময়” এই স্লোগানকে সামনে রেখে উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদ চত্বর থেকে একটি র্যালি বের করা হয়। র্যালি শেষে পরিষদের সভাকক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্রের সভাপতিত্বে সভায় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) কে. এইচ. তাসফিকুর রহমান, সমাজসেবা কর্মকর্তা তোফাজ্জল হক, উপজেলা প্রকৌশলী আব্দুর রশিদ, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজোহা পলাশ, মৎস্য কর্মকর্তা বিল্লাল হোসেন, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আল সাবাহ, একাডেমি মাধ্যমিক স্কুলের সুপারভাইজার রাফিজুল ইসলামসহ উপজেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ ও আমন্ত্রিত অতিথিরা।

আলোচনা সভায় বক্তারা বিশ্ব পরিবেশ দিবসের গুরুত্ব তুলে ধরে বলেন, পরিবেশ সুস্থ না থাকলে আমরা কেউ সুস্থ থাকতে পারব না। বর্তমানে প্লাস্টিক দূষণ আশঙ্কাজনক হারে বেড়ে যাওয়ায় আমাদের চারপাশের পরিবেশ মারাত্মক হুমকির মুখে পড়েছে। ক্ষুদ্র বা মাইক্রো প্লাস্টিক কণাগুলো বিভিন্ন মাধ্যমে আমাদের শরীরে প্রবেশ করে ক্যানসার, স্ট্রোক, কিডনি ড্যামেজসহ নানা দুরারোগ্য ব্যাধির সৃষ্টি করছে।

তারা আরও বলেন, প্লাস্টিক বর্জ্য অবশ্যই নির্দিষ্ট জায়গায় ফেলতে হবে এবং তা রিসাইক্লিংয়ের মাধ্যমে পুনঃব্যবহারের ব্যবস্থা করতে হবে। এছাড়া ইটভাটা বন্ধ না করলে একদিকে উর্বর ফসলি জমি নষ্ট হচ্ছে, অন্যদিকে ইটভাটার ধোঁয়ায় পরিবেশ মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই নিয়ম মেনে ইটভাটা পরিচালনা করতে হবে। কীটনাশক ব্যবহারেও সতর্কতা অবলম্বন করতে হবে যাতে পরিবেশের ক্ষতি না হয়।

তারা ইলেকট্রনিক বর্জ্যও নির্দিষ্ট স্থানে ফেলার ওপর গুরুত্বারোপ করেন এবং তা রিসাইক্লিংয়ের মাধ্যমে পুনঃব্যবহারের উপযোগী করে পরিবেশ রক্ষার আহ্বান জানান।

মুজিবনগরে বিশ্ব পরিবেশ দিবস পালিত

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদলের কেন্দ্র ঘোষিত ১৫ দিনব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুরের মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ শাখা ছাত্রদলের বৃক্ষরোপণ কার্যক্রম চলমান রয়েছে।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাগোয়ান ইউনিয়ন ছাত্রদলের সিনিয়র যুগ্ম সম্পাদক মোঃ রিয়াজ শেখ এবং মুজিবনগর সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ শাখা ছাত্রদলের সভাপতি রাকিব ও সাধারণ সম্পাদক মোঃ জাকারিয়া মোল্লা।

চুয়াডাঙ্গায় বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস পালিত

“স্বপ্নের ডানায় ভর করি, শিশুশ্রমের শৃঙ্খল ছিঁড়ি; এগিয়ে চলি দীপ্ত পায়ে, আশার আগুন বুকে জ্বালি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গায় যথাযোগ্য মর্যাদায় পালিত হয়েছে বিশ্ব শিশুশ্রম প্রতিরোধ দিবস।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসন এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, কুষ্টিয়ার আয়োজনে এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় দিবসটি উদযাপন করা হয়।

দিবসটি উপলক্ষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয় থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়ে শহরের বিভিন্ন প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুনরায় জেলা প্রশাসকের কার্যালয়ে গিয়ে শেষ হয়।

র্যালি শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মিজানুর রহমান। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক

মোহাম্মদ জহিরুল ইসলাম।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “আজকের শিশুরা আগামী দিনের ভবিষ্যৎ। আমরা যদি তাদের রক্ষা করতে না পারি, তবে দেশকেও রক্ষা করা সম্ভব হবে না। শিশুশ্রম প্রতিরোধে আমাদের সবাইকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে।”

তিনি আরও বলেন, “বাংলাদেশের প্রেক্ষাপটে শিশুশ্রম একটি মারাত্মক সামাজিক সমস্যা। এই সমস্যা সমাধানে সরকারসহ বিভিন্ন এনজিও ও সংগঠন নিরলসভাবে কাজ করে যাচ্ছে। অভিভাবকদের হতে হবে আরও সচেতন, পাশাপাশি সমাজের বিত্তবান শ্রেণীকেও শিশুদের পাশে দাঁড়াতে হবে এবং শিশুশ্রম রোধে সক্রিয় ভূমিকা রাখতে হবে।”

মুজিবনগরে শিশু শ্রম প্রতিরোধ দিবস পালিত

গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি’র আয়োজনে মুজিবনগরে পালিত হয়েছে শিশু শ্রম প্রতিরোধ দিবস।

সোমবার সকালে গুডনেইবার্স মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিস প্রাঙ্গণে এ উপলক্ষে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

অনুষ্ঠানে গুডনেইবার্স মেহেরপুর সিডিপি’র ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা।

গুডনেইবার্সের প্রোগ্রাম অফিসার রাসেল শেখের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন সিএমসি’র সভাপতি রেহেনা পারভিন, শিশু পরিষদের সভাপতি প্রত্যাশা মণ্ডল, সদস্য জুনায়েদ, সিডিসি সদস্য দীপ্তি কীর্তনিয়া, ‘নেইচার অ্যান্ড পিস ক্লাব’-এর সদস্য সুস্মিতা খাতুন প্রমুখ।

অনুষ্ঠান শেষে শিশু শ্রম প্রতিরোধ বিষয়ক চিত্রাঙ্কন প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে ঝিনাইদহে মানববন্ধন

‘প্লাস্টিক দুষন আর নয়, বন্ধ করার এখনই সময়’ এ শ্লোগানকে সামনে রেখে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে ঝিনাইদহে মানববন্ধন কর্মসূচী পালিত হয়েছে।

পরিবেশ দুষণ বন্ধ, পরিবেশের ভারসাম্য রক্ষা, পরিবেশের জন্য ক্ষতিকারক প্লাস্টিক ব্যবহার বন্ধের দাবীতে রোববার সকালে শহরের পোস্ট অফিস মোড়ে এ কর্মসূচীর আয়োজন করে সনাক ও টিআইবি। এতে ব্যানার ফেস্টুন নিয়ে পরিবেশবিদ, মানবাধিকার কর্মীসহ নানা শ্রেণী পেশার মানুষ অংশ নেয়। সেসময় বক্তব্য রাখেন সনাক ও টিআইবির ঝিনাইদহের সভাপতি এম সাইফুল মাবুদ, সদস্য এন এম শাহজালাল, মানবাধিকার কর্মী আমিনুর রহমান টুকু, সনাক সদস্য নাসরিন ইসলাম, পদ্মা সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক হাবিবুর রহমান, উই এর পরিচালক শরিফা খাতুন। কর্মসূচীতে ধারনাপত্র পাঠ করেন ইয়েস সদস্য মাহজারুল ইসলাম। পরিচালনা করেন সনাকের এরিয়া কো-অর্ডিনেটর হুমায়ন কবির।

সেসময় বক্তারা, প্লাস্টিক ব্যবহারে সচেতনতা বাড়ানো, বিকল্প পরিবেশবান্ধব পণ্যের ব্যবহার নিশ্চিত করা এবং সরকারের কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানিয়ে বলেন, জলবায়ু পরিবর্তন ও দূষণের কারণে পৃথিবীর ভারসাম্য নষ্ট হচ্ছে, যা ভবিষ্যৎ প্রজন্মের জন্য হুমকিস্বরূপ। তাই এখনই সময় পরিবেশ রক্ষায় একযোগে কাজ করার।

ঝিনাইদহে বিশ্ব তামাকমুক্ত

দিবস উপলক্ষে অবস্থান কর্মসূচী

ঝিনাইদহে বিশ্ব তামাকমুক্ত দিবস উপলক্ষে অবস্থান কর্মসূচী পালিত হয়েছে। বাংলাদেশ তামাক বিরোধী জোট, ডাব্লিউবিবি ট্রাস্ট ও শেল্টার সমাজ কল্যাণ সংস্থা এ অবস্থান কর্মসূচী পালন করেছে।

“কোম্পানির কূটকৌশল উন্মোচন করি, তামাক ও নিকোটিনমুক্ত বাংলাদেশ গড়ি” ” মোড়কে উল্লেখিত সর্বোচ্চ খুচরা মূল্য (এম.আর.পি) তামাকজাত দ্রব্য বিক্রয় নিশ্চিত করা হোক” শীর্ষক প্রতিপাদ্যকে সামনে রেখে শনিবার বেলা ১১ টার সময় ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে দিবসটি উপলক্ষে ঘন্টাব্যাপী অবস্থান কর্মসূচী পালন করে।

অবস্থান কর্মসূচীতে উপস্থিত ছিলেন শেল্টার সমাজ কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক রোমেনা বেগম, প্রভা’র নির্বাহী পরিচালক এনামুল কবির বাবুল, সাংবাদিক ও সমাজ কর্মী ময়না খাতুন, শেল্টার সমাজ কল্যাণ সংস্থার উপ-পরিচালক শাহানুর রেজা, ট্রেনিং অফিসার পৃথা মন্ডল, মনিটরিং অফিসার শাহিন আলম সাইন, শিক্ষক মাহাতাব উদ্দিন, শিক্ষক রিয়াজুল ইসলাম, হাসান আলী, এইড ফাউন্ডেশন, পদ্মা, প্রভা, বাংলাদেশ তামাক বিরোধী জোট এর প্রতিনিধি সহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ। অবস্থান কর্মসূচী শেষে পথচারী, দোকানী, রিক্সা চালক, ও ছাত্র -ছাত্রীদের মধ্যে লিফলেট বিতরণ করা হয়।

মেহেরপুরে মাশরুম চাষ সম্প্রসারণ প্রকল্পের আওতায় মাঠ দিবস পালিত

২০২৪-২৫ অর্থবছরে “মাশরুম চাষ সম্প্রসারণের মাধ্যমে পুষ্টি উন্নয়ন ও দারিদ্র্য হ্রাসকরণ” প্রকল্পের আওতায় মেহেরপুরে মাঠ দিবস পালন করা হয়েছে।

আজ সোমবার বিকেল সাড়ে ৪টায় সদর উপজেলা পরিষদের হলরুমে মেহেরপুর জেলা প্রশাসন ও জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (খামারবাড়ি) এর আয়োজনে এ মাঠ দিবস অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যশোর অঞ্চলের কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক কৃষিবিদ আলমগীর বিশ্বাস।

তিনি তাঁর বক্তব্যে বলেন, “মাশরুম চাষ একটি সম্ভাবনাময় খাত। এটি পুষ্টি চাহিদা পূরণের পাশাপাশি গ্রামীণ জনগোষ্ঠীর আয় বৃদ্ধিতে উল্লেখযোগ্য ভূমিকা রাখতে পারে। সরকারের কৃষি উন্নয়ন পরিকল্পনায় মাশরুম চাষকে গুরুত্বের সঙ্গে দেখা হচ্ছে।”

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. খায়রুল ইসলাম, সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডা. ইনজামামুল হক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক মো. সামসুল আলম, অতিরিক্ত উপ-পরিচালক মো. শায়খুল ইসলাম, জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তরিকুল ইসলাম, সদর উপজেলা কৃষি অফিসার মো. মনিরুজ্জামান, গাংনী উপজেলা কৃষি অফিসার মো. ইমরান হোসেন, মুজিবনগর উপজেলা কৃষি কর্মকর্তা আব্দুল মোমিন এবং উপসহকারী কৃষি কর্মকর্তা মো. আশরাফুল আলম প্রমুখ।